Bangladesh Association of International Recruiting Agencies
(BAIRA)

(ই-মেইল ও হোয়াটসঅ্যাপ গ্রুপ যোগে প্রেরিত)

স্মারক নংঃ বায়রা/৩(৯)/২০২৫/২৩২

তারিখঃ ২৫ আষাঢ় ১৪৩২
০৯ জুলাই ২০২৫

প্রাপকঃ
সম্মানিত সদস্য (সকল)
বায়রা।

**বিষয়ঃ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) কর্তৃক সনদায়িত বিভিন্ন অকুপেশনের দক্ষ কর্মীদের রেজিস্টার্ড রিক্রুটিং এজেন্সি এর সাথে যুক্তকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের পত্র নং- ০৩.১৪.২৬৯২.৮৭৭.৯৯.০২৪.১৩১.২০২৪-২৪৮, তারিখ: ০২ জুলাই ২০২৫ খ্রি. (সংযুক্ত)।

জনাব,

আস্-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) কর্তৃক সনদায়িত বিভিন্ন অকুপেশনের দক্ষ কর্মীদের রেজিস্টার্ড রিক্রুটিং এজেন্সি এর সাথে যুক্তকরণ বিষয়ক এনএসডিএ এর পত্র অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অবহিত করা হলো।

সংযুক্তি: ১ পৃষ্ঠা, বর্ণনামতে।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব, বায়রা।

অনুলিপিঃ
১। প্রশাসক, বায়রা।
২। নোটিশ বোর্ড (বায়রা ও ডাটাবেজ)/ওয়েবসাইট (www.baira.org.bd)।
৩। অফিস কপি।

**BAIRA BHABAN:** 130, New Eskaton Road, Dhaka-1000, Bangladesh. Tel: +88-02-41032136-38, Fax: +88-02-41032144
E-mail: baira1984@gmail.com, info@baira.org.bd, Web: www.baira.org.bd

বায়রা সচিবালয়, ঢাকা
সম্মানিত সভাপতি/মহাসচিব/অর্থসচিব/............ | সচিব
ম্যানেজার/ওএস/এসও/এও/আইটিও/..............
রিসেপশনিষ্ট
ডকেট/ডায়েরী নং ৬৯৪
তারিখ ও সময় 07/07/25
all members

SCANNED
D-CH

মহা-পরিচালক
জনশক্তি ব্যুরো
প্রাপ্তির তাং ০৬/০৭/২০২৫
ডাইরী নং ৫৭৬
পরিচালক ADG
অনুস্বাক্ষর

একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান উপদেষ্টার কার্যালয়
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
১১-১২ তলা, বিনিয়োগ ভবন
ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.nsda.gov.bd

নং- ০৩.১৪.২৬৯২.৮৭৭.৯৯.০২৪.১৩১.২০২৪-২৪৮

তারিখঃ ১৮ আষাঢ় ১৪৩২ / ০২ জুলাই ২০২৫

**বিষয়: জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) কর্তৃক সনদায়িত বিভিন্ন অকুপেশনের দক্ষ কর্মীদের রেজিস্টার্ড রিক্রুটিং এজেন্সি এর সাথে যুক্তকরণ প্রসঙ্গে।**

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ দ্বারা গঠিত হয়ে এনএসডিএ ২০১৯ সাল থেকে কাজ শুরু করে। এনএসডিএ'র অন্যতম লক্ষ্য হচ্ছে জাতীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদার উপযোগী দক্ষ মানবসম্পদ তৈরি করা। দক্ষ জনশক্তি তৈরির অংশ হিসেবে বর্তমান সময় পর্যন্ত এনএসডিএ প্রায় ১০০ টি অকুপেশনে ১,৩৯,৬১১ জন দক্ষ ব্যক্তিকে সনদায়ন করেছে।

২। দক্ষতা সম্পর্কিত সকল কার্যক্রমের তথ্যাদি অনলাইনভিত্তিক করার উদ্দেশ্যে এনএসডিএ কর্তৃক ১৬টি আলাদা মডিউল সম্বলিত ন্যাশনাল স্কিলস পোর্টাল (এনএসপি) (https://www.skillsportal.gov.bd/#/) প্রতিষ্ঠা করা হয়েছে। প্রশিক্ষণপ্রাপ্ত ও সনদধারী দক্ষ জনশক্তির দেশ ও বিদেশের শ্রমবাজারে প্রবেশগম্যতা সহজীকরণের উদ্দেশ্যে চাকরিদাতা ও চাকরিপ্রার্থীদের একটি হাব (Hub) হিসেবে এনএসপি'র ১৬টি মডিউলের মধ্যে 'Live Job Opprtunity' নামে একটি মডিউল তৈরি করা হয়েছে। মডিউলটিতে নিয়োগকারী প্রতিষ্ঠানের নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের সুযোগ রাখা হয়েছে। তাছাড়া, নিয়োগকারীগণের জন্য এনএসডিএ'র সনদধারী চাকরিপ্রার্থীদের জীবনবৃত্তান্ত (Curriculum Vitae) পাওয়ার সুযোগ রয়েছে। উল্লিখিত 'Live Job Opprtunity' মডিউলটি ব্যবহার করে নিয়োগকারীগণ ডাটাবেজ থেকে উপযুক্ত প্রার্থী বাছাই করে নিতে পারবেন। আবার চাকরিপ্রার্থীও তার যোগ্যতা অনুযায়ী চাকুরির জন্য আবেদন করতে পারবেন। বৈদেশিক শ্রমবাজারে নিয়োগের উদ্দেশ্যে প্রচারিত বিজ্ঞপ্তিসমূহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের ওয়েবসাইটের পাশাপাশি এনএসপিতে প্রকাশিত হলে দেশের সকল রিক্রুটিং এজেন্সি ও বিদেশে চাকরিপ্রার্থী - উভয়ই উপকৃত হবে।

৩। এমতাবস্থায়, বৈদেশিক শ্রমবাজারে দক্ষ জনশক্তি প্রেরণের জাতীয় লক্ষ্যকে সামনে রেখে বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল) ও বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা)- এর ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞাপনসমূহের অনলাইন লিংক এনএসপিতে শেয়ারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রস্তাবিত বিষয়টি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে কারিগরি সহায়তার জন্য এনএসডিএ'র সিস্টেম অ্যানালিস্ট জনাব এ. কে. এম. মোস্তফা কামাল হাবিব (মুঠোফোন - ০১৯০৬৭৯৬০১৪) এবং পরিচালক (দক্ষতামান ও পাঠ্যক্রম) ড. জাহাঙ্গীর হোসেন (মুঠোফোন - ০১৭১৮-৫৩৩৯৪৪) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

02.07.2025

মোহাম্মদ মিজানুর রহমান
উপপরিচালক (দক্ষতামান)
জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিঃ (বোয়েসেল), ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, প্রবাসী কল্যাণ ভবন (৪র্থ তলা), রমনা, ঢাকা।
২. সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা), জগন্নাথপুর, আব্দুল আজিজ সড়ক, প্রগতি সরণি, ভাটারা, নর্দা, ঢাকা।